গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং: ১০.০৭.০০০০.০০১.২৭(১).০৫.২০১৮-৩৩৩ তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব শেখ আব্দুর সফিক, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জামালপুর (বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, খাগড়াছড়ি) আপনার বিরুদ্ধে জামালপুর জেলা লিগ্যাল এইড অফিসে অভিযোগ পাওয়া গেছে যে,

২। আপনি জমি পরিমাপের ব্যবস্থা করে দেওয়ার আশ্বাস প্রদানপূর্বক সি.আর. মামলা নং- ২৭(১)/২৫ এবং লিগ্যাল এইড নিবন্ধন নং- ১০৬৭/২৫, তারিখ ২৭/১০/২০২৫ খ্রিস্টাব্দ-এর তর্কিত জমি মাপজোকের জন্য অভিযোগকারীর নিকট হতে ১৩/১১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে ১২,০০০/- (বারো হাজার) টাকা গ্রহণ করেছেন। অভিযোগ অনুযায়ী, উক্ত অর্থ গ্রহণের পর আপনি জমি পরিমাপের জন্য প্রয়োজনীয় কোনো কার্যক্রম গ্রহণ না করে অর্থ আত্মসাৎ করেছেন। অভিযোগকারী শেখ আব্দুর সফিক কর্তৃক পূর্বে গৃহীত ১২,০০০/- (বারো হাজার) টাকা ফেরত দাবি করলে আপনি অভিযোগকারীকে বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন করেন এবং অর্থ ফেরত প্রদানে গড়িমসি করেন।

৩। এছাড়াও আপনি জামালপুর লিগ্যাল এইড অফিসের সাবেক জারিকারক শাফিকুল ইসলাম (বর্তমানে জারীকারক, শেরপুর) এবং হারুন-অর-রশিদ (বর্তমানে অফিস সহায়ক, প্রধান কার্যালয়) এর সহিত পরস্পর যোগসাজশে সদর আমলী আদালত, জামালপুরের সি.আর. মামলা নং-১৬৬৩ (১)/২০২৫, যার লিগ্যাল এইড নিবন্ধন নং-৯৯৩/২৫ সংক্রান্ত নথি গোপন ও সরিয়ে ফেলার চেষ্টা করেছেন। আপনার এহেন আচরণ অসদাচরণের সামিল।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আপনার সন্তোষজনক কারণ লিখিতভাবে দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে অত্র কারণ দর্শানোর নোটিশ জারি করা হলো।

10.8.26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪(অ:)

**জনাব শেখ আব্দুর সফিক**
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
জেলা লিগ্যাল এইড অফিস, জামালপুর।
(বর্তমান অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
জেলা লিগ্যাল এইড অফিস, খাগড়াছড়ি)

**জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, জামালপুর/খাগড়াছড়ি।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। জেলা লিগ্যাল এইড অফিসার, জামালপুর/খাগড়াছড়ি।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৮। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৯। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।